

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা - ১ শাখা

নং-স্থাসবি/ উজে-০১/আর-২/২০০৯/৪৫৮


তাং-২৪/১১/২০১০খ্রিঃ

বিষয় : সরকার কর্তৃক উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিষয়াবলী/কর্মের স্পষ্টিকরণ।

সরকারের গোচরীভূত হয়েছে যে, গত ০৪ আশ্বিন ১৪১৭ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখের এস,আর,ও নং- ৩২৩-আইন/২০১০ সংখ্যক প্রজ্ঞাপনে উল্লিখিত উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিষয়াবলী/কর্মের তালিকা বাস্তবে প্রয়োগের ক্ষেত্রে কিছুটা সমস্যা সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে নিম্নরূপভাবে ব্যাখ্যা/স্পষ্টিকরণ করা হল :

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪নং আইন) এর তৃতীয় তফসিলে বর্ণিত সরকার কর্তৃক উপজেলা পরিষদের নিকট হস্তান্তরযোগ্য প্রতিষ্ঠান ও কর্মের তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত মতামত ও উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পর্যালোচনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারির উদ্দেশ্যে মাননীয় মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে গঠিত কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি দপ্তর ও কর্মের পৃথকভাবে বিস্তারিত বিবরণ প্রদানপূর্বক স্থানীয় সরকার বিভাগ হতে গত ১৭/০৬/২০১০খ্রিঃ তারিখের ১৪২২নং স্মারকে কর্মতালিকার (Charter of Duties) প্রজ্ঞাপন জারি করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত কর্মতালিকাই হলো সরকার কর্তৃক উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিষয়সমূহ।

এমতাবস্থায়, এতদ্বিষয়ে ১৭/০৬/২০১০ তারিখের ১৪২২ নম্বর প্রজ্ঞাপনে উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহের কর্মতালিকা (Charter of Duties) অনুসারে উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তরসমূহের সকল কর্মকেই হস্তান্তরিত বিষয় হিসেবে গণ্য করে পরিষদের কার্যাদি যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলেই আরো বেশী যত্নবান হবেন মর্মে সরকার আশা করে।


২৪/১১/২০১০
(অশোক মাধব রায়)
যুগ্ম-সচিব (প্রশাসন)

প্রাপক : চেয়ারম্যান

.....উপজেলা পরিষদ
..... জেলা।

অনুলিপি :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ০২। সচিব.....মন্ত্রণালয়/বিভাগ (অধীনস্থ উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ০৩। বিভাগীয় কমিশনার,.....বিভাগ।
- ০৪। জেলা প্রশাসক (সকল),..... জেলা।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল),উপজেলা..... জেলা।